

### পরিপত্র

বিষয়ঃ অনলাইনে বেতন নির্ধারণ ব্যাতিরেকে বেতন প্রদান সাময়িকভাবে বন্ধ রাখা প্রসঙ্গে

জাতীয় বেতন স্কেল ২০১৫-এর আদেশ গেজেট আকারে প্রকাশের পর সকল সরকারি চাকুরিজীবির জন্য বাধ্যতামূলকভাবে অনলাইনে বেতন নির্ধারণ (Pay fixation) ব্যবস্থার প্রচলন করা হয়েছে, যার মাধ্যমে সকল সরকারি চাকুরিজীবির বেতন ও অন্যান্য তথ্য সম্বলিত একটি নির্ভুল ডাটাবেজ প্রস্তুত হচ্ছে। এ ডাটাবেজ ব্যবহার করে সরকারি চাকুরিজীবীদের জন্য একটি আধুনিক তথ্যপ্রযুক্তি নির্ভর Payroll Management System প্রণয়নের কাজ চলমান রয়েছে যার মাধ্যমে বেতন-ভাতা নির্ধারিত ব্যাংক একাউন্টে যথাসময়ে প্রেরণ, স্বয়ংক্রিয়ভাবে শেষ বেতনের প্রত্যয়নপত্র (এল.পি.সি) প্রণয়ন, বেতন-ভাতা সংক্রান্ত সরকারি ব্যয়ের নির্ভুল হিসাবায়ন, অবসরের যাওয়া কর্মচারীগণের পেনশন প্রাপ্তি দ্রুত নিষ্পত্তিকরণ ইত্যাদি কার্যক্রম আরো দক্ষতার সাথে সম্পন্ন করা সম্ভব হবে। এটি সফলভাবে বাস্তবায়িত হলে একদিকে যেমন সরকারের আর্থিক ব্যবস্থাপনা ও মানবসম্পদ ব্যবস্থাপনার মান উন্নত হবে, অপরদিকে সরকারি কর্মচারীগণও উন্নততর সেবা পাবেন।

০২। অনলাইনে বেতন নির্ধারণের ব্যবস্থাটি গত ১৫ ডিসেম্বর, ২০১৫ হতে চালু রয়েছে এবং অধিকাংশ সরকারি কর্মচারি এ সুবিধাটি গ্রহণ করে সফলভাবে অনলাইনে তাদের বেতন নির্ধারণ করেছেন ও নতুন স্কেলে বেতন আহরণ করেছেন। তবে, জাতীয় পরিচয়পত্রের তথ্যগত ভুল সংশোধন ও অন্যান্য বিভিন্ন কারণে এখনো স্বল্পসংখ্যক কর্মচারি অনলাইনে বেতন নির্ধারণ করেননি। নতুন স্কেলে বেতন নির্ধারণ করতে না পারায় এসকল কর্মচারি এখনো জাতীয় বেতন স্কেল ২০০৯ অনুসারে বেতন গ্রহণ করছেন। কিন্তু শতভাগ কর্মচারির নতুন স্কেলে বেতন নির্ধারণ না হওয়ায় প্রণীত ডাটাবেজটি অসম্পূর্ণ রয়ে যাচ্ছে, যা গুরুত্বপূর্ণ কিছু সংস্কার কাজকে বাধাগ্রস্ত করছে।

০৩। এ প্রেক্ষাপটে, দ্রুততম সময়ের মধ্যে সকল সরকারি কর্মচারির অনলাইনে বেতন নির্ধারণ নিশ্চিত করতে সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে:

- যেসকল সরকারি কর্মচারি জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুসারে এখনো অনলাইনে বেতন নির্ধারণ করেননি তাদের সকলকে আগামী ২০ জুলাই, ২০১৬ তারিখের মধ্যে বাধ্যতামূলকভাবে অনলাইনে বেতন নির্ধারণ সম্পন্ন করতে হবে।
- যেসকল সরকারি কর্মচারী এ নির্ধারিত সময়সীমার মধ্যে অনলাইনে বেতন নির্ধারণ করতে ব্যর্থ হবেন তাদের অনুকূলে বেতন পরিশোধ আগামী জুলাই ২০১৬ (যা ১ আগস্ট ২০১৬ তারিখে প্রদেয়) হতে সাময়িকভাবে স্থগিত থাকবে;
- যেসকল কর্মচারির জাতীয় পরিচয়পত্র নেই এবং বর্তমান কর্মস্থল হতে জাতীয় পরিচয়পত্রের জন্য আবেদন করার সুযোগ নেই, তারা যাতে কর্মস্থল হতে ছুটি নিয়ে জাতীয় পরিচয়পত্রের জন্য আবেদন করতে পারেন সে বিষয়টি তাদের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ নিশ্চিত করবেন;
- যাদের বেতন পরিশোধ স্থগিত থাকবে, তারা পরবর্তীতে সফলভাবে অনলাইনে বেতন নির্ধারণ সম্পন্ন করলে যথানিয়মে বকেয়া বেতন প্রাপ্য হবেন।

০৪। জনস্বার্থে সারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

উপ-সচিব (প্রশাসন)  
ডায়েরী নং ২২২০  
তারিখ ২৩/৫/১৬  
সিঃ সঃ সচিব/সঃ সচিব (প্রশাসন)  
১৩/৫/১৬

মোহাম্মদ মুসলিম চৌধুরী  
২৩/৫/২০১৬  
(মোহাম্মদ মুসলিম চৌধুরী)  
অতিরিক্ত সচিব (বাজেট-১)  
৯৫১১০৫০

বিতরণ (অধীনস্থ অধিদপ্তর/পরিদপ্তর/অফিসসমূহকে অবহিতকরণের অনুরোধসহ):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও ঢাকা
৩. বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, কাকরাইল, ঢাকা
৪. সিনিয়র সচিব/ সচিব/ ভারপ্রাপ্ত সচিব,  
..... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৫. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা
৬. সচিব, সরকারি কর্মকর্তাদের কার্যালয়, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
প্রশাসন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-৩৪.০০.০০০০.০৪১.১৬.০০১.১৬.৫৭৭

তারিখঃ ১৮-০৫-২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২। মহাপরিচালক, বিকেএসপি, সাভার, ঢাকা
- ৩। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
- ৪। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
- ৫। সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, ঢাকা।
- ৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। সিঃ সহকারী সচিব/ সহকারী সচিব(প্রশাসন-২)/(যুব-১)/(ক্রীড়া-২)/  
(ক্রীড়া-১)/(সমন্বয়)/(বাজেট)/সিঃসহকারী প্রধান/সহকারী প্রধান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
- ৮। সহকারী প্রোগ্রামার, আইটিসেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।  
(ইহা ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। যুগ্মসচিব(প্রশাসন)/(ক্রীড়া)/(যুব)/(যুব-১)/(যুব-২)/(ক্রীড়া-২)এর ব্যক্তিগত কর্মকর্তা,  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

(মোহাম্মদ সৈয়দুল কবির)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৭৫৫০৩